জেলা পরিষদ কার্যালয়
মৌলভীবাজার।
www.zpmoulvibazar.gov.bd

স্মারক নং ঃ ৪৬.০০.৫৮০০.০০১.০১(অংশ-৩).০৪০.১৭.৫৮৭ তারিখ ঃ ১৫-১০-২০২৫ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ (জেলা পরিষদ শাখা) বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- ৪৬.০০.৫৮০০.০৪২.১৪.১২০.১৭.১০২১, তাং- ০৮-০৫-২০২৫ স্মারক মূলে ১ বছরের জন্য প্রকল্পটি অনুমোদন প্রাপ্ত হয়। নিম্নলিখিত পদে চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিক মৌলভীবাজার জেলার স্থায়ী বাসিন্দার নিকট হতে নিম্নোক্ত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে স্বহস্তে পূরণকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন আলোচনা সাপেক্ষে | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | কম্পিউটার ও Freelancing and Graphic Design এ সহকারী | ১ জন | - | ক) স্নাতক/সমমান পাশ। সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার প্রশিক্ষণের সনদপত্র প্রাপ্ত। |
| ২ | সেলাই প্রশিক্ষণ সহকারী | ১ জন | - | ক) এইচ.এস.সি/সমমান পাশ। সরকার কর্তৃক স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৬ (ছয়) মাস মেয়াদী কম্পিউটার। সেলাই প্রশিক্ষণের সনদপত্র প্রাপ্ত। |

**আবেদনের শর্তাবলী ঃ**

১। প্রার্থীকে অবশ্যই মৌলভীবাজার জেলার স্থায়ী নাগরিক হতে হবে।
২। প্রার্থীকে ফরমের নির্দেশনা ও চাহিদা অনুযায়ী তথ্যাদিসহ আবেদন করতে হবে। অসম্পূর্ণ, ক্রুটিপূর্ণ ও ঘষামাজা আবেদন গ্রহনযোগ্য নয় এবং তা সরাসরি বাতিল বলে গন্য হবে।
৩। সরকার কর্তৃক চাকুরির নির্ধারিত আবেদন ফরম জেলা পরিষদ, মৌলভীবাজারকে সম্বোধন করে আগামী ২০/১১/২০২৫ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেলা পরিষদ, মৌলভীবাজার এর কার্যালয়ে ডাকযোগে বা সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহনযোগ্য নয়।
৪। খামের উপরে মোটা অক্ষরে পদের নাম, বিশেষ কোটা (যদি থাকে) এবং বাম পার্শ্বে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা স্পষ্ট অক্ষরে লিখতে হবে।
৫। নির্ধারিত আবেদন ফরমটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের www.forms.gov.bd ওয়েব সাইটে, জেলা পরিষদ, মৌলভীবাজার এর জেলা পরিষদ ডিজিটাল সেন্টার এবং যে কোন তথ্য কেন্দ্র হতে সংগ্রহ করা যাবে।
৬। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে।
ক) প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি ২ (দুই) কপি সত্যায়িত্ব।
খ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র ও অভিজ্ঞতা সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণী কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত);
গ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত ফটোকপি (১ম শ্রেণী কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সীল দ্বারা সত্যায়িত)
৭। আবেদনকারীর বয়স ২০/১১/২০২৫ খ্রিঃ তারিখে ১৮-৩৫ বছরের মধ্যে হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহন যোগ্য নয়।
৮। অসম্পূর্ন, ক্রটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত দরখাস্ত সমূহ বাতিল বলে গণ্য হবে। সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সুস্পষ্ট নাম, পদবী ও সীলসহ প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
৯। প্রার্থীদের লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
১০। আবেদন পত্রে বর্ণিত যে কোন পর্যায়ের ভুয়া/মিথ্যা প্রমানিত হলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হবে।
১১। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
১২। কর্তৃপক্ষ প্রয়োজনে যে কোন শর্ত সংযোজন, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা সংরক্ষন করেন। কর্তৃপক্ষ অনিবার্য কারণবশত নিয়োগ প্রক্রিয়ার যে কোন পর্যায়ে স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে। কোন আপত্তি গ্রহনযোগ্য হবে না।

স্বাক্ষরিত
(শামীমা খন্দকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মৌলভীবাজার।